

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন শাখা

শিক্ষা নিয়ে গড়ব
দেশ, শেখ হাসিনার
বাংলাদেশ

বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	এ.বি.এম জাকির হোসাইন ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	২৭ মার্চ, ২০১৯ বুধবার
সভার সময়	সকাল ১০.০০ ঘটিকা
স্থান	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সার্বিক কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে নিয়মিত সভা করা প্রয়োজন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, (প্রশাসন) গত ২৭/০২/২০১৯ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

২। সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট-এর স্থায়ী কর্মকর্তা/কর্মচারীদের আবাসন সুবিধার বিষয়ে আলোচনা করা হয়।	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আগামী উপদেষ্টা পরিষদের সভায় স্থায়ী কর্মকর্তা/কর্মচারীদের আবাসন সুবিধাদির বিষয়টি উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)
২.	ট্রাস্টের লাইব্রেরির জন্য আলমারি ও প্রয়োজনীয় সংখ্যক বই ক্রয়ের বিষয়ে আলোচনা করা হয়।	ট্রাস্টের লাইব্রেরির জন্য ০১ (এক) টি আলমারি ও প্রয়োজনীয় সংখ্যক বই ক্রয়ের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (প্রশাসন)
৩.	গত ২১/০৩/২০১৯ তারিখে ট্রাস্টের অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক-এর ০১ (এক) টি পদ শূন্য হয়। বর্তমানে বিভিন্ন গ্রেডের কর্মচারী নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। কর্মচারী নিয়োগ সংক্রান্ত কমিটির পরবর্তী সভায় অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক-এর ০১ (এক) টি শূন্য পদে জনবল নিয়োগ বিষয়টি অন্তর্ভুক্ত করার বিষয়ে আলোচনা হয়।	গত ২১/০৩/২০১৯ তারিখে ট্রাস্টের অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক-এর ০১ (এক) টি শূন্য পদে জনবল নিয়োগের বিষয়টি ট্রাস্টের কর্মচারী নিয়োগ সংক্রান্ত কমিটির পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (প্রশাসন)

৪.	স্নাতক (পাস) ও সমমান পর্যায়ে শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের জন্য বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ২০১৫-১৬, ২০১৬-১৭ এবং ২০১৭-১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের নামের তালিকা প্রাপ্তির বিষয়ে আলোচনা হয়।	স্নাতক (পাস) ও সমমান পর্যায়ে শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের জন্য বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ২০১৫-১৬, ২০১৬-১৭ এবং ২০১৭-১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের নামের তালিকা প্রেরণের জন্য সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (উপবৃত্তি)
৫.	ট্রাস্টের বিভিন্ন কক্ষের পর্দাগুলো নষ্ট হয়ে যাওয়ায় নতুন পর্দা ক্রয় এবং ট্রাস্টের সকল কর্মকর্তা ও কর্মচারীদের অফিস ডেস্কের উপরে ব্যবহারের জন্য গ্লাস ক্রয়ের বিষয়ে আলোচনা করা হয়।	ট্রাস্টের বিভিন্ন কক্ষের জন্য নতুন পর্দা ক্রয় এবং অফিস ডেস্কের গ্লাস ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (প্রশাসন)

অতঃপর, সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



এ.বি.এম জাকির হোসাইন
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০১.০৬.০০২.১৮.৮৬

তারিখ: ১৯ চৈত্র ১৪২৫
০২ এপ্রিল ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৩) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৪) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৫) সহকারী প্রোগ্রামার, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৬) ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৭) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৮) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৯) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ১০) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ১১) ডাটা এন্ট্রি অপারেটর, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

Ajahan

রেজওয়ানা আক্তার জাহান
সহকারী পরিচালক